



**Bangladesh  
Competition  
Commission**



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ, ইফাটন গার্ডেন, রমনা, ঢাকা  
[www.ccb.gov.bd](http://www.ccb.gov.bd)

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের চান্দাশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতা**

ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত, নিশ্চিত ও বজায় রাখার উদ্দেশ্যে গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সামগ্রিক কর্মকাণ্ডের (যেমন: যুগ্মকর্মকর্তা যোগসাজশ, মনোপলি ও ওলিগোপলি অপহা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নিরূপণ করা) বিষয়ে দেশের শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ও কলেজ পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে আয়োজিত এ প্রতিযোগিতায় নিম্নে বর্ণিত স্তরের ছাত্র-ছাত্রীগণকে নির্ধারিত শর্তাবলী অনুসরণে অংশগ্রহণের আহবান জানানো যাচ্ছে:

**রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:**

- (১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/সাধারণ/কারিগরি বিশ্ববিদ্যালয় ও অধিকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) অনার্স/মাস্টার্স লেভেলে অধ্যয়নরত ও মাস্টার্স সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:  
বিষয়: কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশের প্রতিযোগিতামূলক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২৫০০ শব্দের মধ্যে)।
- (২) কলেজ পর্যায়ে (সরকারি/বেসরকারি সাধারণ/কারিগরি কলেজ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে এবং মাস্টার্স সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:  
বিষয়: পণ্য ও সেবার বাজারে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২০০০ শব্দের মধ্যে)।

**শর্তাবলী:**

- ১। রচনা A4 সাইজের কাগজে, লাইন স্পেস ১.৫, মার্জিন ১ ইঞ্চি রেখে এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) প্রিন্ট করতে হবে;
- ২। রচনা বাংলা ভাষায় লিখতে হবে। তবে কোন উদ্ধৃতি বা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম/বক্তব্য কোট আনকোট করে ইংরেজী ভাষা ব্যবহার করা যাবে, তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Plagiarism করা যাবে না;
- ৩। রচনার টপশীটে অংশগ্রহণকারীর নাম, পিতা-মাতার নাম, যোগাযোগের ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, বর্ষ/শ্রেণী, মোবাইল নম্বর (বাংলা ও ইংরেজিতে) ও ইমেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে। মূল রচনার কোন পৃষ্ঠায় এ সকল তথ্য উল্লেখ করা যাবে না, অন্যথায় রচনা সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- ৪। রচনার সাথে এক কপি ছবিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে;
- ৫। ছাত্র/ছাত্রীর ছাত্রত্ব সম্পর্কে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে;
- ৬। ২৮ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে রচনার পাছলিপি ডাক/কুরিয়ার মাধ্যমে সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ ইফাটন গার্ডেন, রমনা, ঢাকা বরাবরে পৌছাতে হবে; অথবা নিম্নে বর্ণিত ই-মেইলে পিডিএফ ফরম্যাটে ([secretary.ccb2012@gmail.com](mailto:secretary.ccb2012@gmail.com)) প্রেরণ করা যাবে। উক্ত সময়ের মধ্যে ব্যক্তিগতভাবেও উপস্থিত হয়ে জমা দেয়া যাবে, বিলম্বের কারণ যাই হোক না কেন নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত রচনা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না;
- ৭। প্রাপ্ত রচনাসমূহ অভ্যন্তরীণভাবে একটি কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে বাছাই করা হবে;
- ৮। প্রাথমিক বাছাই পরবে নির্বাচিত রচনাসমূহ এ লক্ষ্যে গঠিত মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে;
- ৯। রচনা মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- ১০। দাখিলকৃত রচনা ফেরত প্রদান করা হবে না;

- ১১। দাখিলকৃত সকল রচনা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পদ হিসেবে বিবেচিত হবে এবং নিজস্ব প্রয়োজনে কমিশন উক্ত রচনার তথ্যাদি ব্যবহারের ক্ষমতা সংরক্ষণ করে;
- ১২। প্রথম স্থান অধিকারকারীর রচনা কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে; এবং
- ১৩। প্রতিযোগিতা কমিশনে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর সন্তান বা পরিবারের সদস্য এ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে না।

রচনা মূল্যায়নের মানদণ্ড:

বিষয়	নম্বর
মূল প্রতিপাদ্য বিষয় পরিস্ফুটন	৪০
তথ্য-উপাত্ত সন্নিবেশন ও বিশ্লেষণ	৩৫
ভাষাগত উৎকর্ষ	১৫
রচনার স্বকীয়তা	১০
মোট	১০০

মূল্যায়ন কমিটি ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোগীকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।

শ্রেণীভিত্তিক পুরস্কারের মূল্য ও সম্মাননা সনদ:

বিশ্ববিদ্যালয় পর্যায়ে:

- ১। প্রথম পুরস্কার: নগদ ৩০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

কলেজ পর্যায়ে

- ১। প্রথম পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার: নগদ ১৫,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

  
 ১৭/১২/২০২০  
 মোঃ কবীরুল হাসান  
 সচিব